

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১০০৪(আগরতলা, ১৪।৬)

অমরপুর, ১৪ জুন, ২০১৮

অমরপুর : এখনো ত্রাণ শিবিরে ১০১ পরিবার

প্রবল বর্ষণে অমরপুর মহকুমার বিভিন্ন জায়গা জলমগ্ন হয়ে পড়ায় সাতটি ত্রাণ শিবিরে এখনো ১০১টি পরিবারের ৩১৪ জন রয়েছেন। প্রশাসনের পক্ষ থেকে ত্রাণ শিবিরগুলিতে আশ্রয় গ্রহণকারীদের শুকনো খাবার, পানীয় জলের ব্যবস্থা করা হয়েছে। ত্রাণ শিবির খোলা হয়েছে বুরবুরিয়া এস বি স্কুল, বাস্কাইপাড়া এস বি স্কুল, ক্ষুদিরামপল্লী এস বি স্কুল, বীরগঞ্জ উত্তরপাড়া হেলথ সাব সেন্টার, উত্তর চেলাগাং এস বি স্কুল, চালিয়াখলা এস বি স্কুল এবং মাইলাক এস বি স্কুলে।

\*\*\*\*\*